PO (Shahnawaz)

গোপনীয়
রেজিষ্টার্ড/এডি 08/06/25

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
ANSAR-VDP UNNAYAN BANK

কর্মী ব্যবস্থাপনা বিভাগ

সূত্র নং-ব্যান-৩২৭/ ৫৯৫৭

তারিখঃ ০৩ মার্চ ২০২৫

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু, আপনি জনাব সেলিমুল হক, পরিচিতি নং-৩২৭, সহকারী অফিসার (সাময়িক বরখাস্ত), আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, রূপগঞ্জ শাখা, নারায়নগঞ্জ এ সহকারী অফিসার হিসেবে চাকুরীকালে পলায়নসহ গুরতর আর্থিক অনিয়ম সংঘটনের অভিযোগে আপনার বিরুদ্ধে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৫ এর অধীনে শৃংখলা সম্পর্কিত ৩৯ এর (গ) ও (চ) প্রবিধি অনুযায়ী যথাক্রমে পলায়ন ও চুরি, আত্মসাৎ, তহবিল তসরূপ. প্রতারণামূলক অপরাধের দায়ে শৃংখলাজনিত বিভাগীয় মোকদ্দমা নং-৬৩ রুজু করে অভিযোগনামা জারি করা হয়েছিল। আপনি আপনার বিরুদ্ধে জারিকৃত অভিযোগনামার কোন জবাব কর্তৃপক্ষের নিকট দাখিল করেননি এবং কর্তৃপক্ষ উক্ত বিভাগীয় মোকদ্দমা তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেছিলেন;

২। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মোকদ্দমা প্রবিধানমালা মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেছিলেন এবং তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত ০৫ (পাঁচ)টি অভিযোগের মধ্যে ০৫(পাঁচ)টি অভিযোগই সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছিল;

৩। যেহেতু, কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করে আপনি জনাব সেলিমুল হক, আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগের জন্য আপনাকে আনসার-ভিডিপি উনয়ন ব্যাংক এর চাকুরী হতে বরখাস্ত অথবা অন্য যে কোন গুরুদন্ড আরোপ করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত অথবা অন্য যে কোন গুরুদন্ড প্রদান করা হবে না-এই মর্মে ১১/০৪/২০০৭ তারিখে কারণ দর্শানোর চূড়ান্ত নোটিশ জারি করা হয়েছিল;

৪। যেহেতু, আপনি জনাব সেলিমুল হক ১১/০৪/২০০৭ তারিখের কারণ দর্শানোর চূড়ান্ত নোটিশের জবাব দাখিল করেছিলেন। অতঃপর কর্তৃপক্ষ আপনার দাখিলকৃত কারণ দর্শানোর চূড়ান্ত নোটিশের জবাব ও সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করে আপনাকে পলায়ন ও চুরি, আত্মসাৎ, তহবিল তসরূপ, প্রতারণামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরদন্ড তথা অত্র ব্যাংকের চাকুরী হতে বরখাস্তকরনের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব সেলিমুল হক, পরিচিতি নং-৩২৭, সহকারী অফিসার (সাময়িক বরখাস্ত), আপনাকে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৫ এর ৪০(১)(আ) এর (ঘ) প্রবিধি অনুযায়ী আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এর **'চাকুরী হইতে বরখাস্তকরণ'** এর আদেশ দিলেন। এ আদেশ আপনার সর্বশেষ কর্মস্থল রূপগঞ্জ শাখা, নারায়নগঞ্জ এ আপনার অনুপস্থিতির তারিখ ০৯/০৬/২০০৫ইং হতে কার্যকর হবে।

৬। আপনি সাময়িক বরখাস্তকালীন সময়ে সরকারি বিধি অনুযায়ী আর্থিক সুবিধাদি ভোগ করে থাকলে তা ব্যতীত উক্ত সময়কালের জন্য আর কোন আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

অনুমোদনক্রমে,

০৬/০৬/২০২৫

(মোঃ আবদুর রহিম শিকদার)
সহকারী মহাব্যবস্থাপক

জনাব সেলিমুল হক
পরিচিতি নং-৩২৭
সহকারী অফিসার (বরখাস্তকৃত)
আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
রূপগঞ্জ শাখা, নারায়নগঞ্জ।

স্থায়ী ঠিকানা
জনাব সেলিমুল হক
পিতা-আবদুল হেকিম
গ্রাম-কলিঙ্গা, ডাকঘরঃ খাস দাউদপুর
থানা-রূপগঞ্জ, জেলাঃ নারায়নগঞ্জ।

F:\phil\Explation\Rupgonj br\Explation to milon - Copy.doc

চলমান পাতা-০২

গোপনীয়
রেজিষ্টার্ড/এডি

=০২=

কর্মী ব্যবস্থাপনা বিভাগ

সূত্র নং-ব্যন-৩২৭/ ৫৯৫৭

তারিখঃ ০৩ মার্চ ২০২৫

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। স্টাফ অফিসার টু চেয়ারম্যান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক এবং পরিচালক (অপারেশনস্), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

২। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৪। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৫। বোর্ড সচিব, পরিচালনা বোর্ড সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৬। সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণাটি অত্র ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তার PMIS এ অন্তর্ভূক্ত করার জন্য আইসিটি বিভাগ এর বিভাগ প্রধান কে অনুরোধ করা হলো।

৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।

৮। সকল আঞ্চলিক নিরীক্ষা প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।

৯। সকল ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।

১০। ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, রূপগঞ্জ শাখা, নারায়নগঞ্জ। জনাব সেলিমুল হক, পরিচিতি নং-৩২৭, সহকারী অফিসার (বরখাস্ত) এর নিকট হতে অত্র ব্যাংকের পাওনাদি আদায়ের জন্য তাঁর বিরুদ্ধে আইনগত পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থাকরণের জন্য আপনাকে আদেশক্রমে অনুরোধ করা হলো।

১১। ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, রূপগঞ্জ শাখা, নারায়নগঞ্জ। এতদসংগে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব সেলিমুল হক, পরিচিতি নং-৩২৭ এর নিকট প্রাপ্তি স্বীকার রসিদ মারফত হস্তান্তর করতঃ রসিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এছাড়াও যদি তিনি ঘোষনাটি গ্রহণে অস্বীকৃতি জানান/তাকে না পাওয়া গেলে তার কোন নিকট আত্মীয়ের (পিতা, মাতা, ভাই, বোন, স্ত্রী ও ছেলেমেয়ে) নিকট প্রাপ্তিস্বীকার রসিদের মাধ্যমে হস্তান্তর করতে হবে। তারা কেউ তা গ্রহণে অস্বীকৃতি জানালে শাখার একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে তার বসত বাড়ীর সদর দরজায় সহজে দৃশ্যমান হয় এমন স্থানে দুইজন স্বাক্ষীর উপস্থিতিতে লটকিয়ে জারি করতঃ সাক্ষীগণের স্বাক্ষর, নাম, ঠিকানা ও মোবাইল নম্বর (যদি থাকে) গ্রহণপূর্বক জারি সংক্রান্ত একটি প্রতিবেদন অত্র বিভাগে পৌঁছানো নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।

১২। নথি/মহানথি।

০৩/০৩/২০২৫
(জাহিদুল হাসান)
প্রিন্সিপাল অফিসার

F:\Jahid\Explation Rupgonj b\Explation to mion - Copy.doc